64

দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JAN 1998
পৃষ্ঠা ১২ কলাম ৭

# ক্যাম্পাসের ক্যাডারদের দুঃসময়!

**ইত্তেফাক রিপোর্ট ॥** ক্যাম্পাসের ক্যাডারেরা এখন দুশ্চিন্তায় দিন কাটাইতেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগে টেন্ডারবাজি ও সন্ত্রাসী ঘটনার প্রেক্ষিতে সরকারের উপর মহল হইতে কড়া নির্দেশ জারি করা হইয়াছে-সন্ত্রাসী যেই হউক তাহাকে গ্রেফতার করিতে হইবে। 'ক্যাম্পাসের ক্যাডার' বহুল আলোচিত প্রসঙ্গ। ক্যাডাররা বিভিন্ন দল উপদলে বিভক্ত। দলের নেতার নামেই দল চলে। নেতার নামে টেন্ডারবাজি, চাঁদা আদায় হইতে শুরু করিয়া 'হম্বিতম্বির' কাজও সমাধা করা হয়। ঈদের রমরমা বাজারকে উপলক্ষ করিয়া ক্যাম্পাসে সাম্প্রতিককালে ক্যাডারদের

(২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

ক্যাম্পাসের

(শেষ পৃঃ পর)

দৌরাত্ম্য বৃদ্ধি পাইয়াছে। নীলক্ষেতের লেপতোষকের দোকান হইতে শুরু করিয়া বিভিন্ন বিপণী বিতানেও চাঁদা আদায় করা হইতেছে। নানা পক্ষ। একজনকে চাঁদা দিলে অন্যজন লোক পাঠায়। উদ্ভূত পরিস্থিতি বিশ্ববিদ্যালয় প্রশাসনের অনুরোধে সরকার ক্যাম্পাস হইতে ক্যাডার-বিতাড়নে বিশেষ উদ্যোগ নিয়াছে। ফলে ক্যাডারদের মধ্যে আতংক দেখা দিয়াছে। কেউ কেউ পত্র-পত্রিকায় বিবৃতি নিয়া হাজির হইতেছেন। বিবৃতিতে বলার চেষ্টা করা হইতেছে 'আমরা কোন দল বা উপদলের কর্মী নই'। একটি সূত্র জানায়, সরকার ক্যাম্পাসে সন্ত্রাস প্রতিরোধে পুলিশকে আরও তৎপর হইতে বলিয়াছে। সন্ত্রাসীদের দলমত নির্বিশেষে গ্রেফতার করার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে।